



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/প্রশা/২৯/২০২৬/৪৪৯

তারিখ: ০৯.০৪.২০২৬

### নিলাম বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর ২০২৫ সনের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার পরীক্ষার্থীদের ব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র, পুনঃনিরীক্ষার উত্তরপত্র, অপ্রয়োজনীয় ফরম ও কাগজপত্র কেজি প্রতি দরে বিক্রয়ের লক্ষ্যে দক্ষ, অভিজ্ঞ, যোগ্যতাসম্পন্ন ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত ছক মোতাবেক লেটার হেড প্যাডে সিলগালাকৃত খামে কোটেশন/মূল্য প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। (উল্লেখ্য, ইচ্ছুক দরদাতাগণ বোর্ড অফিসে এসে সরেজমিনে মালামাল যাচাই করে দর দাখিল করতে পারবেন)।

ক্রম	বিবরণ	দর (কেজি প্রতি)

#### শর্তাবলি ও নিয়মাবলি:

- ১। ১২.০৪.২০২৬ থেকে ২২.০৪.২০২৬ তারিখ পর্যন্ত প্রতিদিন ৯.০০ টা থেকে ৪.০০ টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) বোর্ড অফিসে সংরক্ষিত টেন্ডার বাক্সে (রুম নম্বর ৪১১) দরপত্র দাখিল করা যাবে। ২৩.০৪.২০২৬ তারিখ সকাল ১১.০০ টায় বোর্ডের ক্রয়-বিক্রয় কমিটি কর্তৃক দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে। কোটেশন মূল্যায়ন কমিটির পরবর্তী সভার সুপারিশের প্রেক্ষিতে মালামাল বিক্রয়ের কার্যাদেশ দেওয়া হবে।
- ২। সিলগালাযুক্ত খামে লেটার হেড প্যাডে দরপত্র দাখিল করতে হবে। খামের উপরিভাগে 'বিক্রয় কোটেশন', বামপাশে প্রেরকের নাম, প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ আবশ্যিক। খামের ডান পাশে 'সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল' লিখতে হবে।
- ৩। কোটেশন বা দরপ্রস্তাবের সাথে পাসপোর্ট সাইজের এক কপি ফটো, এনআইডি কার্ড, হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ (যদি থাকে), আয়কর সনদ (যদি থাকে) দাখিল করতে হবে।
- ৪। কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি / প্রতিষ্ঠান ক্রয়কৃত পণ্যমূল্যের ওপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট বাবদ ১০% ও আয়কর বাবদ ৫% অর্থ জমা দিতে বাধ্য থাকবে।
- ৫। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর অনুকূলে কাজের জামানত হিসেবে যেকোনো তফসিলি ব্যাংক হতে ফেরতযোগ্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- ৬। প্রদত্ত দর প্রাকমূল্যের কম হলে সেই কোটেশনটি বাতিল বলে গণ্য হবে। বোর্ড অফিস (রুম নং: ৪১১) থেকে প্রাকমূল্য জানা যাবে।
- ৮। ব্যক্তি / প্রতিষ্ঠান কর্তৃক দরপ্রস্তাব সকলের সম্মুখের হলে দরপত্রদাতাদের উপস্থিতিতে লটারির মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- ৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো কোটেশন/দরপ্রস্তাব বা সকল কোটেশন/দরপ্রস্তাব বাতিলের ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মো: আবদুস সালাম (৭২৩৩)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল